

জনাব মোঃ খলিলুর রহমান, সচিব, ভূমি মন্ত্রণালয় এর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

জনাব মোঃ খলিলুর রহমান ২৯/০৩/২০২৩ তারিখে সচিব, ভূমি মন্ত্রণালয় হিসেবে পদোন্নতি লাভ করেন এবং ০২/০৪/২০২৩ তারিখে সচিব পদে যোগদান করেন। এ মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি যথাক্রমে বিভাগীয় কমিশনার, সিলেট এবং বিভাগীয় কমিশনার, ঢাকা হিসেবে সুনামের সাথে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ খলিলুর রহমান গাইবান্ধা জেলার সদর উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। শিক্ষাজীবনে তিনি গাইবান্ধা সরকারি বালক উচ্চ বিদ্যালয় এবং গাইবান্ধা সরকারি কলেজ হতে যথাক্রমে এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় কৃতিত্বের সাথে প্রথম বিভাগে উত্তীর্ণ হন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে বিএসসি অনার্স এবং মাস্টার্স সম্পন্ন করেন এবং উভয় পরীক্ষাতেই প্রথম শ্রেণি অর্জন করেন। শিক্ষাজীবন শেষে তাঁর বেশকিছু গবেষণাপত্র বিভিন্ন জার্নালে প্রকাশিত হয়েছে। এছাড়াও তিনি জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) হতে ‘প্রকল্প পরিকল্পনা, উন্নয়ন এবং ব্যবস্থাপনা’ বিষয়ে ডিপ্লোমা সম্পন্ন করেছেন।

জনাব মোঃ খলিলুর রহমান বিসিএস প্রশাসন ক্যাডারের ১৩তম ব্যাচের একজন কর্মকর্তা। ২৫ এপ্রিল ১৯৯৪ সালে তিনি সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গায় কর্মজীবন শুরু করেন এবং পরবর্তীতে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ-এ সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সহকারী কমিশনার (ভূমি) হিসেবে ময়মনসিংহ সদর উপজেলায় কাজ করেছেন এবং পুনরায় সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয় নওগাঁ-তে কাজ করেছেন। তিনি টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলায় জেলা দুর্নীতি দমন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন। এরপর তিনি বিসিএস (প্রশাসন) একাডেমিতে উপ-পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ খলিলুর রহমান উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নওগাঁ জেলার বদলগাছী উপজেলা এবং গাজীপুরের কালিগঞ্জ উপজেলায় সুনামের সাথে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি সিনিয়র সহকারী সচিব ও উপসচিব হিসেবে স্থানীয় সরকার বিভাগে কাজ করেছেন। মাঠ প্রশাসনের গুরুত্বপূর্ণ পদ জেলা প্রশাসক হিসেবে তিনি নাটোর ও ময়মনসিংহ জেলায় অত্যন্ত সুনাম ও কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

মাঠপ্রশাসনের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনকালে তিনি দেশ বিদেশের নানা প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। তিনি স্থানীয়ভাবে অনুষ্ঠিত Disaster Management, Land Management, ToT, Management & Monitoring, Public Procurement, Project Planning Governance & Innovation ইত্যাদি কোর্সে অংশগ্রহণ করে সাফল্যের সাথে সম্পন্ন করেছেন।

বৈদেশিক প্রশিক্ষণের অংশ হিসেবে তিনি নানা কোর্সে অংশগ্রহণ করেছেন। তিনি Agriculture & Rural Development, Urban Development Planning, Sustainable Environment & Urban Management, Public Procurement Management, Enhancing Human Security, Financial Management, Field Administration, Universal Health Coverage, Citizen Charter Development প্রভৃতি কোর্সে অংশগ্রহণ করে সাফল্যের সাথে সম্পন্ন করেছেন।

তিনি বৈদেশিক প্রশিক্ষণ ও সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে বিভিন্ন দেশ সফর করেছেন এবং বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তিনি জাপান, ভিয়েতনাম, জার্মানি, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, ভারত, ইতালি, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, ইন্দোনেশিয়া, কলম্বিয়া, যুক্তরাজ্য, চীন ও কানাডায় ভ্রমণ করেছেন।

পারিবারিক জীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা সন্তানের পিতা।